কুষ্টিয়ায় দুই দিনব্যাপী আন্তঃ বিদ্যালয় বিজ্ঞান মেলার সমাপনী

নাদিয়া ইসলাম মিম- কুষ্টিয়ায় অধিকারভিত্তিক উন্নয়ন সংস্থা ফেয়ার (FAIR) এর আয়োজনে এবং বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন এর সহযোগিতায় দুইদিনব্যাপী আন্তঃবিদ্যালয় বিজ্ঞান মেলা–২০২৪-এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আজ ৩১ ডিসেম্বর অনুষ্ঠিত হয়েছে। মেলায় কুষ্টিয়ার ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ের ৩০টি বিজ্ঞান ক্লাব অংশগ্রহণ করেছে।

মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলার আহ্বায়ক ও দিনমণি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: সালাহউদ্দীন।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার পার্থ প্রতিম শীল, কুষ্টিয়া সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শামীম আহমেদ খান, বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক সাজ্জাদুর রহমান চৌধুরী, আফসার উদ্দিন ফাজিল গালস্ মাদ্রাসার ভারপ্রাপ্ত
অধ্যক্ষ রেজাউল করিম, এবং লক্ষীপুর হাসানবাগ মাধ্যমিক বালিকা
বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শামসুল আলম, নীলস বোর সায়েন্স ক্লাবের সভাপতি জেরিন জাহান প্রেমা ও গ্যালিলিও সায়েন্স ক্লোবের সভাপতি আব্দুল্লাহ আল মাহীন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ফেয়ার–এর পরিচালক দেওয়ান আখতারুজ্জামান। আলোচনা শেষে অতিথিবৃন্দ মেলার বিভিন্ন ইভেন্টের বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

মেলায় স্পন্সর হিসেবে সহযোগিতা করছে একে আজাদ এন্ড কোঃ (চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট), উইনসাম মোড লিঃ এবং আগামী প্রকাশনী। ব্লাড গ্রুপিং কার্যক্রমে সহযোগিতা করেছে সংকল্প যুব সংগঠন এবং বিতর্ক প্রতিযোগিতা পরিচালনায় সহায়তা করেছে কুষ্টিয়া ডিবেটিং সোসাইটি।

সমাপনী অনুষ্ঠানের আগে সকালে “বিজ্ঞান ক্লাবকে স্থায়ীত্বশীল করার